

বাফুফে প্রেসিডেন্টের বিবৃতি- অক্টোবর ২০১৭

এএফসি প্রেসিডেন্টের ঢাকা সফর

এশিয়ান ফুটবল কনফেডারেশন (এএফসি)-এর বর্তমান প্রেসিডেন্ট শেখ সালমান বিন ইব্রাহিম আল খলিফা সম্প্রতি দুদিনের সফরে ঢাকা এসেছিলেন। সাবেক ফিফা প্রেসিডেন্ট সেপ ব্ল্যাটারের পরে এই প্রথম এমন কোনো উচ্চপদস্থ ব্যক্তি বাংলাদেশ ভ্রমণে এলেন।

বলার অপেক্ষা রাখেনা এএফসি প্রেসিডেন্টের এই সফর বেশ গুরুত্বপূর্ণ ছিল। বাফুফের ফুটবল উন্নয়নমূলক কার্যকলাপ পর্যবেক্ষণ করে বাংলাদেশ সঠিক পথে আছে বলে মন্তব্য করেন তিনি।

তৃণমূল পর্যায়ে প্রতিভা বাছাইয়ের জন্য ক্লাবগুলোকে কার্যকর ভূমিকা রাখার পরামর্শ দেন শেখ সালমান। বাংলাদেশের ফুটবল নিয়ে তার মন্তব্য আমাদের সামনে এগিয়ে যাওয়ার পথে উৎসাহ যোগাবে।

এএফসি অ-১৯ চ্যাম্পিয়নশিপ কোয়ালিফায়ার্স

প্রতিযোগিতায় এখন পর্যন্ত স্বাগতিক তাজিকিস্তানের সঙ্গে গোলশূন্য ড্র এবং মালদ্বীপের সঙ্গে ১-০ গোলে জয়লাভ করেছে বাংলাদেশ। আশা করি তাদের এই পারফরম্যান্স অব্যাহত থাকবে।

বিপিএল এবং বিসিএল

গত মাসের শেষের দিকে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল)-এর আরেকটি রাউন্ডের খেলা শুরু হয়েছে। এই রাউন্ডের খেলা আগামী ১০ নভেম্বর পর্যন্ত চলবে। বিপিএল ২০১৭-এর দ্বিতীয় পর্বের খেলা ১৩ নভেম্বর থেকে শুরু হবে। একইভাবে গত মাসে বাংলাদেশ চ্যাম্পিয়নসশীপ লীগ (বিসিএল)-এর দ্বিতীয় পর্যায়ের খেলাও শুরু হয়েছে।

স্কুল চ্যাম্পিয়নশীপ

'বিএফএফ ন্যাশনাল স্কুল ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০১৭'-এর প্রাথমিক রাউন্ডের খেলা অক্টোবরের দ্বিতীয় সপ্তাহ থেকে শুরু হয়েছে। দেশের আটটি অঞ্চলে চলা এই স্কুল চ্যাম্পিয়নশীপের ফাইনাল রাউন্ডের খেলা এই ডিসেম্বরের তৃতীয় এবং চতুর্থ সপ্তাহে শুরু হবে। প্রতিটি জেলার সামার স্কুল চ্যাম্পিয়নশীপের বিজয়ীরা প্রাথমিক রাউন্ডে অংশগ্রহণ করবে। অংশগ্রহণকারী দলগুলোকে বাফুফের পক্ষ থেকে ফান্ড, জার্সি এবং ফুটবল প্রদান করা হবে।

প্রথমবারের মতো এএফসি 'এ' এবং 'বি' লাইসেন্স কোচিং কোর্স

প্রথমবারের মতো এএফসি বি এবং এ লাইসেন্স কোচিং কোর্স চালু করেছে বাফুফে। 'এ' কোর্সটি এখনো চালু রয়েছে এবং ছয়জন নারীর উপস্থিতিতে শুরু হওয়া এএফসি 'বি' কোর্সটির প্রথম পর্ব শেষ হয়েছে। যথোপযুক্ত ট্রেনিং-এর মাধ্যমে যোগ্য কোচ গড়ে তোলার লক্ষ্যে এই কোর্সগুলো যথাযথভাবে আয়োজন করা আমাদের জন্য মাইলফলক হয়ে থাকবে।

অ-১৬ আবাসিক ক্যাম্প

২৫ জন মেধাবী তরুণকে নিয়ে গত মাস থেকে গোপালগঞ্জে বিশেষ আবাসিক ক্যাম্পের আয়োজন করেছে বাফুফে।

সাফ অ-১৫ উইমেন্স চ্যাম্পিয়নশীপ

আগামী ১৭ থেকে ২৪ ডিসেম্বর সাফ অ-১৫ উইমেন্স চ্যাম্পিয়নশীপ অনুষ্ঠিত হবে। বাংলাদেশ, ভূটান, ভারত ও নেপালের অংশগ্রহণে এই প্রতিযোগিতার সকল ম্যাচ বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে।

একদিনের ফুটবল উৎসব

জাতির জনক শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের জন্মবার্ষিকী উপলক্ষ্যে সম্প্রতি বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে একদিনের ফুটবল উৎসব আয়োজন করা হয়।

জেলা ফুটবল লীগ কমিটি

তৃণমূল পর্যায়ে ফুটবল সক্রিয় করতে জেলাভিত্তিক ফুটবল লীগ কমিটি গঠনের ঘোষণা দিয়েছে বাংলাদেশ ফুটবল ফেডারেশন।